DD(ATM)
৬/১০/২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

Mujib's Bangladesh

**বিষয়:** মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের 'প্রদর্শনী উপ কমিটি'র ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য (প্রশাসন) ও আহবায়ক "প্রদর্শনী উপ কমিটি-২০২২", সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। |
| তারিখ | : | ০৩ অক্টোবর ২০২২ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | সদর দপ্তর, সম্মেলন কক্ষ, লেভেল-৬, সিএএবি। |

মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে 'প্রদর্শনী উপ-কমিটি'র ২য় সভা উপরোল্লিখিত সময় ও তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট-'ক' (২ পাতা)'তে সংযুক্ত।

সভার প্রারম্ভে মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের 'প্রদর্শনী উপ কমিটি'র সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ গাড়ী বহরে স্ব স্ব সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন বর্তমান সরকারের উন্নয়নমূলক কার্যক্রম তুলে ধরার লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক যথাযথ ছবি/ডকুমেন্ট সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে নির্মাণকারী প্রতিষ্ঠানের নিকট সরবরাহের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধি ব্যতীত অন্যান্য সংশ্লিষ্ট সকল সংস্থার উপস্থিত প্রতিনিধিগণের মাধ্যমে প্রেরিত স্ব স্ব সংস্থার কর্মকান্ডসমূহের ছবি নিয়ে আলোচনা করা হয়। যান্ত্রিক বহরে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রদর্শিত গাড়ীটির অবয়ব বা ছবির সংযোজন তথা সর্বোত্তম কম্বিনেশন কিভাবে হতে পারে তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের গাড়ীতে কার্যক্রমসমূহ প্রদর্শনীর জন্য সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. যান্ত্রিক বহরে প্রদর্শিত গাড়ীতে সঠিক মাত্রার রেজুলেশন সম্বলিত ছবি সরবরাহ করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সংস্থা ও নির্বাচিতব্য প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়।

২. বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড ও হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ঢাকা কর্তৃক প্রেরিত ছবি থেকে বাছাইকৃত লোগো সংযোজনপূর্বক তা যান্ত্রিক বহরের গাড়ীতে তুলে ধরার লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ৩য় টার্মিনালের পূর্ণাঙ্গ ছবি ও বিভিন্ন তথ্যাদি যান্ত্রিক বহরে তুলে ধরার লক্ষ্যে ঐ সকল ছবি ও তথ্য সরবরাহের জন্য প্রকল্প পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (১ম পর্যায়) কে অনুরোধ করা হয়।

৪. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ও বাংলাদেশে ট্যুরিজম বোর্ড এর প্রেরিত ছবি 3D মাত্রার রেজুলেশন সম্বলিত ছবি কিনা তা সংশ্লিষ্ট সংস্থা নিশ্চিত করবেন এবং যান্ত্রিক বহরের গাড়ীতে সুদৃশ্য ড্রেসে ২ জন বিমানবালার উপস্থিতি নিশ্চিত করা জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে অনুরোধ করা হয়।

৫. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এর ৩য় টার্মিনালের সাথে সংযুক্ত রোডের সঠিক মাত্রার রেজুলেশন সম্বলিত ছবি প্রেরণের জন্য প্রকল্প পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (১ম পর্যায়) কে অনুরোধ করা হয়।

৬. মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের জন্য গাড়ী সুসজ্জিতভাবে তৈরীর কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত পূর্ববর্তী বাজেটের সাথে সামঞ্জস্য রেখে বর্তমান বাজেট প্রস্তুত ও প্রশাসনিক অনুমোদন গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী (সিভিল ডিভিশন-২) কে অনুরোধ করা হয়।

৭. আগামী ১২/১০/২০২২ তারিখের মধ্যে স্ব স্ব সংস্থা হতে সকল ছবি/প্রস্তাবনা প্রেরণ (যদি কোনো সংস্থা কাংক্ষিতমাত্রার ছবি সরবরাহ না করে থাকেন) এবং উহা সংযোজনপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকল সংস্থার কর্মকান্ড সুসমন্বিতভাবে যান্ত্রিক বহরের গাড়ীতে উপস্থাপন বা প্রদর্শনের লক্ষ্যে দৃষ্টিনন্দন অবয়ব তৈরীর (নির্ধারিত সময়ের মধ্যে) জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়।

চলমান পাতা-০২

৮. আগামী ১৭/১০/২০২২ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় পরবর্তী সভা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য (প্রশাসন)
ও
আহবায়ক
"প্রদর্শনী উপ কমিটি-২০২২"
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১০৬৮ (অফিস)

নথি নং-৩০.৩১.০০০০.২১১.৫৩.০০১.২১- ২৮১৯ তারিখ: ০৪/১০/২০২২ খ্রিঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক (প্রশাসন), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সচিব, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৮. উপ-সচিব (প্রশাসন-১), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রতিনিধি, ধানসিড়ি কমিউনিকেশন লিমিটেড, বাড়ি-৪৭২(দ্বিতীয় ফ্লোর), রোড-০৮, বারিধারা (ডিওএইচএস), ঢাকা-১২০৬।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯. পরিচালক (মানব সম্পদ ও সাধারণ প্রশিক্ষণ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপ-পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল সার্কেল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী (সিভিল ডিভিশন-২), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৪. সহকারী প্রকৌশলী (সিভিল ডিভিশন-৪), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৫. সদস্য (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৬. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১৪১২ (অফিস)